



শিরোনাম

দেশের অনেক ব্যাংক ধার করে চলছে: মির্জা ফখরুল

আরও খবর >>

সেন্টমার্টিন থেকে সরানো হলো ৭২০০ কেজি প্লাস্টিক বর্জ্য

টেকনাফ কক্সবাজার প্রতিনিধি

১৩ অক্টোবর ২০২৩, ১২:০০ এএম



সেন্টমার্টিন দ্বীপ থেকে কুড়ানো পরিত্যক্ত প্লাস্টিক বোতল, খাদ্যদ্রব্যের প্যাকেট, নানা ধরনের অপচনশীল ময়লা-আবর্জনা সাম্পানে বোঝাই করা হয়েছে অপসারণের জন্য -আমাদের সময়

পর্যটন মৌসুমের শুরুতেই প্রবাল দ্বীপ সেন্টমার্টিন থেকে ৭২০০ কেজি প্লাস্টিক বর্জ্য সরিয়েছে স্বেচ্ছাসেবী সংগঠন 'কেওক্রাডং বাংলাদেশ'। গত বছরের মতো এবারও ৯ অক্টোবর থেকে গতকাল পর্যন্ত টানা চার দিন সেন্ট মার্টিন দ্বীপ ও সমুদ্রসৈকতে ছড়িয়ে-ছিটিয়ে থাকা পরিত্যক্ত প্লাস্টিক বোতল, খাদ্যদ্রব্যের প্যাকেট, নানান ধরনের অপচনশীল ময়লা-আবর্জনা সংগ্রহ অভিযান চালায় স্বেচ্ছাসেবী সংগঠনটি।

এ ছাড়া কেওক্রাডং বাংলাদেশ ২০১০ সাল থেকে প্রতিবছর নভেম্বর/ডিসেম্বর মাসে সেন্টমার্টিন দ্বীপে আন্তর্জাতিক সংস্থা ওশান কনজারভেন্সি ও কোকাকোলার সহযোগিতায় বড় ধরনের আরও একটি পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে আসছে।

সেন্টমার্টিনে স্থানীয় সাংবাদিক নূর মোহাম্মদ বলেন, প্রতিবছর হাজার হাজার পর্যটক প্রবাল দ্বীপ সেন্টমার্টিনে বেড়াতে এসে ফেলে যান নানারকম প্লাস্টিক বর্জ্য। সঙ্গে যোগ হয় স্থানীয়দের ব্যবহৃত বিভিন্ন পলিথিন বর্জ্য। অপচনশীল এসব প্লাস্টিক বর্জ্যেরে ভারে হুমকিতে পড়েছে ছোট্ট এই দ্বীপের প্রাণপ্রকৃতি। ভ্রমণ মৌসুম শুরুর ঠিক আগে প্রতিবছর সেন্ট মার্টিনের সমুদ্রসৈকত আর লোকালয়ের যত্রতত্র পড়ে থাকা এসব প্লাস্টিক বর্জ্য সরানোর মতো মহৎ কাজ করছে স্বেচ্ছাসেবী সংগঠন কেওক্রাডং বাংলাদেশের সদস্যরা।

স্বেচ্ছাসেবীরা জানান, এসব প্লাস্টিক বর্জ্য ১৫০টি প্লাস্টিকের বস্তায় ভর্তি করে ২টি ট্রলারে করে সেন্টমার্টিন দ্বীপ থেকে টেকনাফে নিয়ে আসা হয়। পরে প্লাস্টিক এই বর্জ্যগুলো ট্রাকযোগে টেকনাফ পৌরসভার বর্জ্য ডাম্পিং স্টেশনে নিয়ে যাওয়া হয়।

কেওক্রাডং বাংলাদেশের সমন্বয়কারী এবং ওশান কনজারভেন্সির বাংলাদেশের সমন্বয়কারী মুনতাসির মামুন বলেন, সামুদ্রিক আবর্জনা বা মেরিন ডেবরিজ বর্তমান দুনিয়াতে বহুল আলোচিত। যে কোনো পরিবেশের সঙ্গে মিশে যাচ্ছে এসব প্লাস্টিক বর্জ্য। তাতে আমাদের খাদ্যশৃঙ্খলে প্লাস্টিকের উপস্থিতি,

মানবদেহে, রক্তে, মলে এমনকি মাতৃদুধেও প্লাস্টিক কণা পাওয়া যাচ্ছে। এর ভয়াবহতার পরিমাপ আমাদের এখনও পুঙ্খানুপুঙ্খভাবে করা সম্ভব হয়নি।

সেন্টমার্টিনের প্যানেল চেয়ারম্যান আক্তার কামাল বলেন, সেন্টমার্টিন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার এ উদ্যোগটি খুবই প্রশংসনীয়। সবাই নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসার চেষ্টা করলে অবশ্যই সফল হওয়া সম্ভব হবে। আগামীতে সেন্টমার্টিনে এ ধরনের কর্মসূচির আয়োজন করলে দ্বীপের পরিবেশের জন্য **স্বাস্থ্যকর** উপকার বয়ে আনবে।



ভোটকেন্দ্রের সামনে গুলিবিদ্ধ যুবকের মৃত্যু



প্রভাবশালী মুসলিম ব্যক্তিত্ব শেখ হাসিনা



রূপগঞ্জ যুবলীগ কর্মীকে কুপিয়ে জখম



পিটিআই



বিশ্ব গণমাধ্যমে শেখ হাসিনার বিজয়

আমাদের সময়

সর্বশেষ জাতীয় সারাদেশ খেলাধুলা আইন-আদালত বিনোদন ই-পেপার

সম্পাদক : আবুল মোমেন

উপদেষ্টা সম্পাদক : ড. খন্দকার শওকত হোসেন

প্রকাশক : তাপস মজুমদার (প্রয়াত)

যোগাযোগ:

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা ২, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১

বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

[আমাদের সময়](#)

[গোপনীয়তা নীতি](#)

[শর্তাবলি ও নীতিমালা](#)

[যোগাযোগ](#)

[বিজ্ঞাপন](#)

আমাদের সময়

© সর্বসত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০২৩
Privacy Policy